অসহ পীড়ন :- প্রতি একক ক্ষেত্রফলে ন্যূনতম যে বল প্রযুক্ত হলে কোন বস্তু ছিঁড়ে বা ভেঙে যায় তাকে ঐ বস্তুর অসহ পীড়ন বলে।

স্থিতিস্থাপক ক্লান্তি (Elastic Fatigue): কোন বস্তুকে বারবার বিকৃত করলে বস্তুর স্থিতিস্থাপক অবস্থার অবনতি ঘটে। বস্তুর এ অবস্থাকে স্থিতিস্থাপক ক্লান্তি বলে।

দৈর্ঘ্য বা টান বিকৃতি (Longitudinal or Tensile Strain):

কোন বস্তুর উপর বাহ্যিক বল প্রয়োগের ফলে তার দৈর্ঘ্যের পরিবর্তন হলে একক দৈর্ঘ্যের পরিবর্তন বা বিকারকে দৈর্ঘ্য বিকৃতি বা টান বিকৃতি বলে।

$$\text{দৈর্ঘ্য বিকৃতি} = \frac{l}{L}$$

EDUCATION LIVE BD
অগ্র প্রবেশ পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

দৈর্ঘ্য পীড়ন বা টান পীড়ন (Longitudinal or Tensile Stress):

দৈর্ঘ্য বিকারের ফলে স্থিতিস্থাপকতার কারণে বস্তুটির প্রস্থচ্ছেদের একক ক্ষেত্রফলে দৈর্ঘ্য বরাবর যে প্রত্যয়নী বল তৈরী হয় তাকে অনুদৈর্ঘ্য পীড়ন বলে।

$$\text{দৈর্ঘ্য পীড়ন} = \frac{F}{A}$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

ইয়ং-এর গুণাঙ্ক (Young's Modulus): স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর অনুদৈর্ঘ্য পীড়ন ও অনুদৈর্ঘ্য বিকৃতির অনুপাতকে ইয়ং-এর গুণাঙ্ক বলে।

$$Y = \frac{F/A}{l/L} = \frac{FL}{Al} = \frac{FL}{\pi r^2 l}$$

আয়তন বিকৃতি (Volume or Bulk Strain): বল প্রয়োগে যদি কোন বস্তুর আয়তন পরিবর্তন বা বিকার হয় তবে একক আয়তনের পরিবর্তন বা বিকারকে আয়তন বিকৃতি বলে।

$$\text{আয়তন বিকৃতি} = \frac{v}{V}$$

আয়তন-পীড়ন (Volume or Bulk Stress): আয়তন বিকারের ফলে স্থিতিস্থাপকতার কারণে একক ক্ষেত্রে যে প্রত্যয়নী বল তৈরী হয় তাকে আয়তন পীড়ন বলে।

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

$$\text{আয়তন পীড়ন} = \frac{F}{A}$$

আয়তন গুণাঙ্ক (Volume or Bulk Modulus): স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর আয়তন পীড়ন ও আয়তন বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা। একে আয়তন গুণাঙ্ক বলে।

$$B = \frac{F/A}{v/V} = \frac{F \cdot V}{A v} = \frac{PV}{v}$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

কৃন্তন/মোচড়/ব্যবর্তন/আকার বিকৃতি (Shearing Strain):

একক দূরত্বে অবস্থিত দুটি তলের মধ্যবর্তী আপেক্ষিক সরণকে ব্যবর্তন বা মোচড় বিকৃতি বলে।



$\tan\theta = \theta = \frac{AA'}{AD}$ [∵ θ খুব ছোট ও রেডিয়ানে পরিমাপিত]

কৃন্তন/মোচড়/ব্যবর্তন/আকার পীড়ন (Shearing Stress):

ব্যবর্তন বিকৃতি প্রতিরোধ করার জন্য একক ক্ষেত্রফলে যে প্রতিরোধী বলের সৃষ্টি হয় অর্থাৎ ব্যবর্তন বিকৃতি ঘটাতে একক ক্ষেত্রফলের উপর যে স্পর্শকীয় বল প্রযুক্ত হয় তাকে ব্যবর্তন পীড়ন বলে।

ব্যবর্তন পীড়ন = F/A

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক

দৃঢ়তার গুণাঙ্ক (Modulus of Rigidity):

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর ব্যবর্তন পীড়ন ও ব্যবর্তন বিকৃতির অনুপাতকে দৃঢ়তার গুণাঙ্ক বলে।



$$\eta = \frac{F}{A\theta} = \frac{Fh}{A\delta}$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

হুকের সূত্র (Hooke's Law):

"স্থিতিস্থাপক সীমার মধ্যে কোন বস্তুর পীড়ন তার বিকৃতির সমানুপাতিক"

$$\text{পীড়ন} \propto \text{বিকৃতি}$$

$$\frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}} = \text{ধ্রুবক}$$

পয়সনের অনুপাত (Poisson's Ratio):

স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর পার্শ্ব বিকৃতি ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা। এই ধ্রুব সংখ্যাকে বস্তুর পয়সনের অনুপাত বলে।



EDUCATION LIVE BD
ডুবুরি পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL EDUCATION LIVE BD

$$\sigma = -\frac{\frac{\Delta r}{r}}{\frac{\Delta L}{L_0}}$$

$$= -\frac{\Delta r\, L_0}{r\, \Delta L}$$

** এখানে ঋণাত্মক চিহ্ন দ্বারা বুঝানো হয়েছে যে ΔL ধনাত্মক হলে Δr ঋণাত্মক হবে এবং Δr ধনাত্মক হলে ΔL ঋণাত্মক হবে। অর্থাৎ দৈর্ঘ্য বাড়লে ব্যাসার্ধ হ্রাস পাবে। ব্যাসার্ধ বাড়লে দৈর্ঘ্য হ্রাস পাবে।

Scanned by CamScanner

Scanned with CamScanner

• অনুদৈর্ঘ্য বিকৃতির ক্ষেত্রে মোট স্থিতিশক্তি, $W = \frac{1}{2} \frac{YAl^2}{L}$

• আয়তন বিকৃতির ক্ষেত্রে মোট স্থিতিশক্তি, $W = \frac{1}{2} \frac{Bv^2}{V}$

• ব্যবর্তন/কৃন্তন/মোচড়/আকার বিকৃতির ক্ষেত্রে মোট স্থিতিশক্তি, $W = \frac{1}{2} \frac{\eta A \delta^2}{h}$

↑ উপরের আলোচ্য তিনটি বিষয়েই,
একক আয়তনে সঞ্চিত স্থিতিশক্তি = $\frac{1}{2}$ × পীড়ন × বিকৃতি

সংনম্যতা, $\frac{1}{B} = \frac{v}{PV} = K$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

* ইয়ং এর গুণাঙ্ক, আয়তন গুণাঙ্ক, কৃন্তন গুণাঙ্ক ও পয়সনের অনুপাতের মধ্যে সম্পর্ক,

$$Y = 3B(1-2\sigma) = 2\eta(1+\sigma)$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

প্রবাহী পদার্থ (Fluids): যেসকল পদার্থ প্রবাহিত হতে পারে তাদের প্রবাহী পদার্থ বলে।

স্রোতরেখা বা ধারারেখ প্রবাহ (Streamline Flow): যখন কোন প্রবাহমান প্রবাহীর প্রতিটি স্তর গতিই প্রবাহীর গতিপথের সমান্তরাল হয় তবে সেই প্রবাহকে স্রোতরেখা বা ধারারেখ প্রবাহ বলে।

বিক্ষিপ্ত প্রবাহ (Turbulent Flow): যখন কোন প্রবাহমান প্রবাহীর স্তরগুলো প্রবাহীর গতিপথের সমান্তরাল বা পরস্পরের সমান্তরালে প্রবাহিত হয়না তাহলে সেই প্রবাহকে বিক্ষিপ্ত প্রবাহ বলে।

সান্দ্রতা (Viscosity): যে বল দ্বারা কোনো প্রবাহী পাশাপাশি দুটি স্তরের আপেক্ষিক গতিকে বাধা দেয়, তাকে সান্দ্রতা বল বলে এবং যে ধর্মের জন্য কোন প্রবাহী পাশাপাশি দুটি স্তরের আপেক্ষিক গতিকে বাধা দেয়, সেই ধর্মকে ঐ প্রবাহীর সান্দ্রতা বলে।

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক

$$F = \eta A \frac{dv}{dx}$$

- F → সান্দ্র বল
- η → সান্দ্রতা গুণাঙ্ক
- A → স্তরদ্বয়ের ক্ষেত্রফল
- $\frac{dv}{dx}$ → দূরত্বের সাথে বেগ পরিবর্তনের হার / বেগের নতি

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

সান্দ্রতা গুণাঙ্ক (Co-efficient of Viscosity): প্রবাহীর দুটি স্তরের মধ্যবর্তী বেগের নতি একক হলে তাদের একক ক্ষেত্রফলে যে সান্দ্রতা বল ক্রিয়া করে তাকে ঐ প্রবাহীর সান্দ্রতা সহগ বা গুণাঙ্ক বলে।

$$\eta = \frac{F/A}{dv/dx}$$

* একক Nsm^{-2}

Scanned by CamScanner

Scanned with CamScanner

গ্যাসের সান্দ্রতার উপর তাপমাত্রার প্রভাব:

"গ্যাসের সান্দ্রতা সহগ তার কেলভিন তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক"

$$\eta \propto \sqrt{T}$$

$$\frac{\eta_1}{\eta_2} = \sqrt{\frac{T_1}{T_2}}$$

স্টোকস এর সূত্র (Stoke's Law): কোন সান্দ্র মাধ্যম দিয়ে যদি কোন বস্তু গতিশীল হয় তাহলে এটি এর মাঝে থাকা প্রবাহী পদার্থগুলো স্তরগুলোকে টেনে নিয়ে যেতে থাকে। এতে প্রবাহীর বিভিন্ন স্তরের মধ্যে আপেক্ষিক গতির সৃষ্টি হয়। ফলে গতিশীল বস্তুটির উপর একটি সান্দ্র বল কাজ করে। এ বল বস্তুর গতিকে মন্থর করতে সাহায্য করে।

EDUCATION LIVE BD

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

r ব্যাসার্ধের কোন গোলক যদি η সান্দ্রতা গুনাঙ্কের তরলের ভিতর দিয়ে চলার সময় v বেগ প্রাপ্ত হয় তাহলে তরলের সান্দ্রতার জন্য গোলকের গতিকে বাধাদানকারী বল,

$$F' = 6\pi r \eta v$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

অন্ত্য বেগ বা প্রান্তিক বেগ

Terminal Velocity

কোন সান্দ্র প্রবাহী দিয়ে যদি কোন গোলক অভিকর্ষের প্রভাবে পতিত হয় তাহলে আদিতে অভিকর্ষজ ত্বরণের জন্য এর বেগ বৃদ্ধি পেতে থাকে কিন্তু যুগপথভাবে এর উপর বাধাদানকারী বল F' বৃদ্ধি পায় ফলে বস্তুটির নিট ত্বরণ কমতে থাকে। এক সময় বস্তুটির নিট ত্বরণ শূন্য হয়। বস্তুটি তখন ধ্রুব বেগে পতিত হতে থাকে। একে প্রান্ত বেগ বা অন্ত্য বেগ বলে।

$$v = \frac{2r^2(\rho_s - \rho_f)g}{9\eta}$$

(v → প্রান্ত বেগ; ρ_s → বস্তুর ঘনত্ব; ρ_f → তরলের ঘনত্ব)

অনেক সময় তরলের ভেতর দিয়ে বায়ু বুদবুদ উপরে উঠতে দেখা যায়। এতে প্রান্ত বেগের সমীকরণ,

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

$$v = \frac{2r^2(\rho_f - \rho_s)g}{9\eta}$$

(ρ_s → বায়ু বুদবুদের ঘনত্ব; ρ_f → পানির ঘনত্ব)

যেহেতু বায়ু বুদবুদের ঘনত্ব ρ_s পানির ঘনত্বের তুলনায় অনেক কম ($\rho_s << \rho_f$) তাই ρ_s কে উপেক্ষা করে উপরোক্ত সমীকরণকে বায়ু বুদবুদের জন্য লেখা যায়,

$$v = \frac{2r^2\rho_f g}{9\eta}$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

পৃষ্ঠটান ও পৃষ্ঠশক্তি

Surface Tension & Surface Energy

তরলের উপরিতল একটি টানটান স্থিতিস্থাপক ঝিল্লির ন্যায় আচরণ করে এবং তরলের পৃষ্ঠে ~~স্পর্শক~~ বরাবর সবদিকে একটি বল ক্রিয়া করে ~~যাকে~~ যাকে পৃষ্ঠটান বলে।

তরল পৃষ্ঠে সঞ্চিত বিভব শক্তিকে পৃষ্ঠশক্তি বলে। কোন তরলের একক ক্ষেত্রফলে সঞ্চিত বিভবশক্তি দ্বারা পৃষ্ঠশক্তি পরিমাপ করা হয়।

$$E = \frac{W}{A}$$

$W = T \, \Delta A$ → ক্ষেত্রফলের পরিবর্তন; T → পৃষ্ঠটান

$T = \frac{F}{L}$, L → পৃষ্ঠের ক্ষেত্রফল

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণের পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

R ব্যাসার্ধের বড় পানির ফোঁটাকে ভেঙে N সংখ্যক r ব্যাসার্ধবিশিষ্ট ফোঁটায় ভাঙলে: $\Delta A = N 4\pi r^2 - 4\pi R^2$

$\therefore$ কৃতকাজ, $W = T\Delta A = 4\pi (Nr^2 - R^2) T$

যদি বুদবুদ হয়, অর্থাৎ দুটি পৃষ্ঠ থাকে;

$$W = T\Delta A = 8\pi (Nr^2 - R^2) T$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

সংশক্তি বল (Cohesive Force): একই পদার্থের অনুসমূহের মধ্যে পারস্পারিক আকর্ষণ বলকে সংশক্তি বল বলে।

আসঞ্জন বল (Adhesive Force): ভিন্ন পদার্থের অনুসমূহের মধ্যে পারস্পারিক আকর্ষণ বলকে আসঞ্জন বল বলে।

স্পর্শকোন (Angle of Contact):



কঠিন তরল স্পর্শ বিন্দুতে তরল পৃষ্ঠের স্পর্শক তলের ভিতরে কঠিন পৃষ্ঠের সাথে যে কোন তৈরী করে তাকে স্পর্শকোন বলে।

Cohesive > Adhesive → $\theta > 90^\circ$

Adhesive > Cohesive → $\theta < 90^\circ$

কৈশিকতা (Capilarity): কৈশিক নলে তরলের আরোহণ বা অবনমনকে কৈশিকতা বলে।

EDUCATION LIVE BD
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

Scanned by CamScanner

Scanned with CamScanner

কৈশিক নলে তরলের উত্থান ও অবনমনের ক্ষেত্রে,

$$T = \frac{r\rho g\left(h+\frac{r}{3}\right)}{2\cos\theta}$$

r এবং θ ক্ষুদ্র হলে, $T = \frac{h\rho g r}{2}$

U আকৃতির নলে উত্থান ও অবনমনের ক্ষেত্রে উচ্চতার পার্থক্য,

$$\Delta h = h_1 - h_2 = \frac{2T}{\rho g}\left(\frac{1}{r_1}-\frac{1}{r_2}\right)$$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

Scanned by CamScanner

Scanned with CamScanner

পর্যাবৃত্ত গতি

Periodic Motion

"কোনো গতিশীল বস্তুকণার গতি যদি এমন হয় যে, এটি এর গতিপথের কোনো নির্দিষ্ট বিন্দুকে নির্দিষ্ট সময় পর পর একই দিক থেকে অতিক্রম করে তাহলে সেই গতিকে পর্যাবৃত্ত গতি বলে।"

সরল ছন্দিত গতি (Simple Harmonic Motion): কোন পর্যাবৃত্ত গতিশীল বস্তুকণার উপর কার্যকর ত্বরণ যদি তার গতিপথের একটি নির্দিষ্ট বিন্দু অভিমুখে এমনভাবে ক্রিয়া করে যে তার মান ঐ বিন্দু হতে বস্তুর সরণের সমানুপাতিক ও বিপরীতমুখী হয়, তখন সে বস্তুকণার গতিকে সরল ছন্দিত গতি বলে।

সরল ছন্দিত গতির বৈশিষ্ট্য :

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক

১। এটি একটি পর্যাবৃত্ত গতি সুতরাং এ গতির পুনরাবৃত্তি ঘটে।

২। এটি একটি সরলরৈখিক গতি অর্থাৎ সরলরেখায় সংঘটিত হয়।

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

৩। এটি একটি দোলন বা স্পন্দন গতি।

৪। যে কোন সময় ত্বরণের মান সাম্যাবস্থা হতে সরণের সমানুপাতিক এবং বিপরীতমুখী অর্থাৎ ত্বরণ a এবং সরণ, x হলে,

$a \propto -x$ অর্থাৎ বল, $F \propto -x$

৫। ত্বরণ তথা বল একটি নির্দিষ্ট বিন্দু অভিমুখী।

৬। কম্পমান কণার সরণ সাইন বা কোসাইনের অপেক্ষক।

Scanned by CamScanner

Scanned with CamScanner

সরল ছন্দিত গতির সংশ্লিষ্ট রাশি:

Quantities of Simple Harmonic Motion

□ সরণ (Displacement): সাম্যাবস্থা হতে যে-কোন মুহূর্তে বস্তুর দূরত্বকে বস্তুর সরণ বলে। একে সাধারণত x দ্বারা সূচিত করা হয়।

□ বিস্তার (Amplitude): সাম্যাবস্থা হতে বস্তুর সর্বোচ্চ সরণকে বিস্তার বলে।

* A দ্বারা সূচিত করা হয়।

□ পূর্ণ স্পন্দন (Complete Oscillation) বা পূর্ণ চক্র (Cycle): নির্দিষ্ট গতিপথে সাম্যাবস্থার এদিক ওদিক গতিশীল বস্তু গতিপথের কোন একটি বিন্দুকে একই দিক থেকে আবার অতিক্রম করলে একটি চক্র বা একটি পূর্ণ দোলন সম্পন্ন হয়েছে বলা হয়।

□ দোলনকাল (Time Period): একটি চক্র বা একটি পূর্ণ দোলনের সময়কালকে দোলনকাল বলে।

* T দ্বারা সূচিত করা হয়।

□ কম্পাঙ্ক (Frequency): প্রতি সেকেন্ডের পূর্ণ দোলন সংখ্যাকে কম্পাঙ্ক বা ফ্রিকুয়েন্সী বলে। * f দ্বারা সূচিত করা হয়।

একটি কম্পনের সময়কাল T sec হলে, কম্পাঙ্ক, $f = \frac{1}{T}$

□ কৌণিক কম্পাঙ্ক (Angular frequency): প্রতি সেকেন্ডে বৃত্তাকার পথে পূর্ণ ঘূর্ণনের সংখ্যাকে কৌণিক কম্পাঙ্ক বলে।

* ω দ্বারা সূচিত করা হয়।

$$\omega = 2\pi f = \frac{2\pi}{T}$$

□ দশা (Phase): যে রাশি বা রাশিসমূহের সাহায্যে বস্তুর সম্পূর্ণ অবস্থা বুঝা যায় তাকে দশা বলে।

$(\omega t + \delta) \rightarrow$ দশা

EDUCATION LIVE BD
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD
Scanned by CamScanner
Scanned with CamScanner

আদি দশা (Initial Phase): পর্যবেক্ষণ শুরুর মুহূর্তে বস্তুর অবস্থাকে বস্তুর আদি দশা বলে।

* δ দ্বারা সূচিত করা হয়।

• **সরল ছন্দিত গতিসম্পন্ন কণার অন্তরক সমীকরণ এবং তার সমাধান**

Differential Equation of Simple Harmonic Motion and its Solution

আমরা জানি, সরল ছন্দিত গতির ক্ষেত্রে কণার ত্বরণ সাম্যাবস্থান হতে তার সরণের সমানুপাতিক এবং বিপরীতমুখী। সুতরাং এক্ষেত্রে কণার উপর ক্রিয়াশীল বলও সরণের সমানুপাতিক এবং বিপরীতমুখী হবে। সাম্যাবস্থান হতে কণার সরণ x হলে যদি এর উপর F বল ক্রিয়া করে তাহলে,

$$F \propto -x$$

$\Rightarrow F = -Kx$ [K একটি সমানুপাতিক ধ্রুবক। একে বল ধ্রুবক বলে]

$\Rightarrow ma = -Kx$ [কণাটির ভর m হলে, $F = ma$]

ত্বরণ a কে অন্তরকলনের সাহায্যে লিখলে দাঁড়ায়,

$$a = \frac{dv}{dt} = \frac{d}{dt}\left(\frac{dx}{dt}\right) = \frac{d^2x}{dt^2}$$

$$\therefore m\frac{d^2x}{dt^2} = -kx$$

$$\Rightarrow \frac{d^2x}{dt^2} = -\frac{k}{m}x$$

$$\Rightarrow \frac{d^2x}{dt^2} + \frac{k}{m}x = 0$$

$$\Rightarrow \boxed{\frac{d^2x}{dt^2} + \omega^2 x = 0}$$ $\left[\omega = \sqrt{\frac{k}{m}}\right]$

→ এটিই সরল ছন্দিত গতিসম্পন্ন কণার অন্তরক সমীকরণ

EDUCATION LIVE BD
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

Scanned by CamScanner

Scanned with CamScanner

- **সরল ছন্দিত গতিসম্পন্ন কণার বিভিন্ন সমীকরণ :**

সরল ছন্দিত স্পন্দনসম্পন্ন কোন কণার সরণ, $x = A\sin(\omega t + \delta)$

কৌণিক বেগ বা কম্পাঙ্ক, $\omega = \sqrt{\frac{K}{m}}$

বেগ, $v = \omega\sqrt{A^2 - x^2}$

সর্বোচ্চ বেগ, $V_{max} = \omega A = A\sqrt{\frac{K}{m}}$

ত্বরণ, $a = -\omega^2 x = -\omega^2 A\sin(\omega t + \delta)$

সর্বোচ্চ ত্বরণ, $a_{max} = -\omega^2 A$

$F = -Kx$

স্থিতিশক্তি, $E_p = \frac{1}{2}kx^2 = \frac{1}{2}kA^2\sin^2(\omega t + \delta)$

গতিশক্তি, $E_k = \frac{1}{2}k(A^2 - x^2) = \frac{1}{2}kA^2\cos^2(\omega t + \delta)$

যেকোন মুহূর্তে সরল ছন্দিত গতিসম্পন্ন কণার মোট যান্ত্রিক শক্তি,

$$E = E_p + E_k = \frac{1}{2}kA^2$$

EDUCATION LIVE
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD
Scanned by CamScanner
Scanned with CamScanner

সরল দোলকের গতি

Motion of Simple Pendulum

"একটি ক্ষুদ্র ভারী বস্তুকে ভরহীন, পঁচহীন অপ্রসারণশীল নমনীয় সুতা দ্বারা কোনো দৃঢ় অবলম্বন হতে ঝুলিয়ে দিলে যদি তা বিনা বাধায় ক্ষুদ্র বিস্তারে এদিক ওদিক দুলতে পারে তবে তাকে সরল দোলক বলা।"



$$T = \frac{2\pi}{\omega} = 2\pi\sqrt{\frac{L}{g}}$$

সেকেন্ড দোলক (Second Pendulum):

যে সরল দোলকের দোলনকাল দুই সেকেন্ড অর্থাৎ যে দোলকের একপ্রান্ত থেকে অপরপ্রান্তে যেতে এক সেকেন্ড সময় লাগে তাকে সেকেন্ড দোলক বলে।

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

- সেকেন্ড দোলকের ক্ষেত্রে, $L = \frac{g}{\pi^2}$

- নিক্ষেপে সরল দোলকের দোলনকাল, $T = 2\pi\sqrt{\frac{L}{g \pm f}}$ → নিক্ষেপের ত্বরণ
  - ঊর্ধ্বমুখী +
  - নিম্নমুখী −

- ভূ-পৃষ্ঠ হতে h উঁচু স্থানে যদি অভিকর্ষজ ত্বরণ g_2 এবং ভূ-পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ g_1 হয়,

$$\frac{g_2}{g_1} = \frac{T_1^2}{T_2^2} = \frac{R^2}{(R+h)^2} = \frac{L_1}{L_2}$$

Scanned by CamScanner

Scanned with CamScanner

• ভূ-পৃষ্ঠ হতে গভীরে অবস্থিত কোন বিন্দুতে অভিকর্ষজ ত্বরণ g_2 এবং ভূ-পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ g_1 হলে,

$$\frac{g_2}{g_1} = \frac{T_1^2}{T_2^2} = \frac{L_1}{L_2} = 1 - \frac{h}{R}$$

• ত্রুটিপূর্ণ দোলকের ক্ষেত্রে, $\frac{T_2}{T_1} = \sqrt{\frac{g_1}{g_2}} = \sqrt{\frac{L_2}{L_1}} = \frac{86400}{86400 \pm x}$

↓ যতটি দোলন কম বা বেশি দেয়।

উলম্ব স্প্রিং এর দোলন

Oscillation of a Vertical Spring

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক

স্প্রিং এর ক্ষেত্রে,

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

পর্যায়কাল, $T = \frac{2\pi}{\omega}$

$= 2\pi\sqrt{\frac{e}{g}}$



Scanned by CamScanner

Scanned with CamScanner

• যদি m_1 ও m_2 ভরের দুটি বস্তু একই স্প্রিং এর মুক্ত প্রান্ত হতে ঝুলিয়ে দেয়া হয় এবং এর ফলে স্প্রিং এর দৈর্ঘ্য যথাক্রমে x_1 ও x_2 হয় তাহলে,

$$\frac{m_1}{m_2} = \frac{x_1}{x_2}$$



• যদি m_1 ও m_2 ভরের দুটি বস্তু একই স্প্রিং এর মুক্ত প্রান্ত হতে ঝুলিয়ে দেয়া হয় এবং এর ফলে স্প্রিং এর দোলনকাল যথাক্রমে T_1 ও T_2 হয় তাহলে,

$$\frac{m_1}{m_2} = \frac{T_1^2}{T_2^2}$$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

• স্প্রিং এর স্থিতিশক্তি, $E_p = \frac{1}{2}kA^2\sin^2(\omega t+\delta)$

• স্প্রিং এর গতিশক্তি, $E_K = \frac{1}{2}kA^2\cos^2(\omega t+\delta)$

• মোট শক্তি, $E_t = E_p + E_K = \frac{1}{2}kA^2$

এক চক্র পরিমান স্প্রিং এর

→ গড় গতিশক্তি $= \frac{1}{3}kA^2 = \frac{2}{3} \times$ মোট শক্তি

→ গড় স্থিতিশক্তি $= \frac{1}{2}kA^2 = \frac{1}{2} \times$ মোট শক্তি

Scanned by CamScanner

Scanned with CamScanner

☐ অনুক্রমে সংযুক্ত স্প্রিং এর জন্য →

$$\frac{1}{K_s} = \frac{1}{K_1} + \frac{1}{K_2} + \frac{1}{K_3} + \cdots + \frac{1}{K_n}$$

☐ সমান্তরালে সংযুক্ত স্প্রিং এর ক্ষেত্রে →



$$K_p = K_1 + K_2 + K_3 + \cdots + K_n$$



কতিপয় গুরুত্বপূর্ণ Graph

i) সরণ (x) বনাম সময় (t)

x =



EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

ii) বেগ (v) বনাম সময় (t)

$$v = \omega A \cos \omega t$$



Scanned by CamScanner

Scanned with CamScanner

iii)



ত্বরণ (a) বনাম সময় (t)

iv)



বিভবশক্তি বনাম সময়
E_p t

$E_p = \frac{1}{2} KA^2 \sin^2(\omega t + \delta)$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক

v)



গতিশক্তি (E_k) বনাম সময় (t)

$E_k = \frac{1}{2} KA^2 \cos^2 \omega t$

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

vi)



বিভবশক্তি (E_p) বনাম সরণ (x)

$E_p = \frac{1}{2} Kx^2$

Scanned by CamScanner

Scanned with CamScanner

vii)



EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

Scanned by CamScanner
Scanned with CamScanner

তরঙ্গ
Waves

"স্থিতিস্থাপক জড় মাধ্যমে কণা থেকে কণাতে অগ্রসরমান পর্যাবৃত্ত আন্দোলনকেই তরঙ্গ বলা।"



আড় তরঙ্গ (Transverse Waves): যে তরঙ্গ গতির অভিমুখে মাধ্যমের কণাগুলোর কম্পনের অভিমুখের সাথে লম্ব হয় অর্থাৎ মাধ্যমের কণাগুলো কম্পনের দিকের সাথে লম্বভাবে যে তরঙ্গ এগিয়ে চলে তাকে আড় তরঙ্গ বলে।

লম্বিক তরঙ্গ (Longitudinal Waves): যখন কোনো মাধ্যমের কণাগুলো তাদের সাম্যাবস্থার সম্মুখে এবং পিছনে পর্যাবৃত্ত গতিতে কম্পিত হতে থাকে এবং এর ফলে সৃষ্ট তরঙ্গের অভিমুখ যদি কণাগুলোর কম্পনের অভিমুখের সমান্তরাল হয় তাহলে ঐ তরঙ্গকে লম্বিক তরঙ্গ বলে।

EDUCATION LIVE
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

তরঙ্গ সম্পর্কিত কয়েকটি রাশি
Some terms related to Wave

তরঙ্গদৈর্ঘ্য (Wave Length): তরঙ্গ প্রবাহের গতিপথে একই দশাবিশিষ্ট দুটি কণার মধ্যবর্তী সর্বনিম্ন দূরত্বকে তরঙ্গদৈর্ঘ্য বলে।



Scanned by CamScanner

Scanned with CamScanner

বিস্তার (Amplitude) : প্রবাহমান তরঙ্গের উপর অবস্থিত একটি কম্পমান কণার সাম্যাবস্থান হতে যে কোন একদিকে সর্বাধিক সরণকেই বিস্তার বলে। * 'a' দ্বারা সূচিত হয়।



কম্পাঙ্ক (Frequency) : কোন একটি কম্পমান কণা এক সেকেন্ডে যতগুলো পূর্ন কম্পন বা দোলন সম্পন্ন করে তাকে কম্পাঙ্ক বলে।

* 'f' দ্বারা সূচিত হয়।

$$f = \frac{N}{t}$$

কম্পাঙ্কের একক (vibration per second or cycle per second) একে সংক্ষেপে হার্জ (Hertz) বলে।

দোলনকাল বা পর্যায়কাল (Time Period): কোন মাধ্যমে একটি পূর্ন তরঙ্গ উৎপন্ন করতে কম্পনরত তরঙ্গ উৎসের যে সময়ের প্রয়োজন হয় তাকে পর্যায়কাল বলে।

EDUCATION LIVE
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক

$$T = \frac{1}{f}$$

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

দশা (Phase) : তরঙ্গায়িত কোন একটি কণার দশা বলতে ঐ কণার যে কোন মুহূর্তে গতির সম্যক অবস্থা বুঝায়।

আদি দশা (Initial phase or Epoch) : পর্যবেক্ষণ শুরুর মুহূর্তে বা সময় পরিমাপ শুরু করার মুহূর্তে কোন কণার যে দশা থাকে সেই দশাকেই আদি দশা বলে।

Scanned by CamScanner

Scanned with CamScanner

তরঙ্গমুখ (Wave Front): সমদশাসম্পন্ন তরঙ্গের গতিপথকে তরঙ্গমুখ বলে।



তরঙ্গরশ্মি (Wave ray): সমসত্ত্ব বা সুষম মাধ্যমে তরঙ্গ-মুখের অভিলম্বে স্থাপন যেদিকে যায়, তাকে তরঙ্গ-রশ্মি বলে।

তরঙ্গ-বেগ (Wave-velocity): একক সময়ে কোন নির্দিষ্ট দিকে তরঙ্গ যে দূরত্ব অতিক্রম করে তাকে তরঙ্গবেগ বলে।

কৌনিক কম্পাঙ্ক (Angular Frequency): সময়ের সাথে দশা পরিবর্তনের হারকে কৌনিক কম্পাঙ্ক বলে। $\omega = \frac{2\pi}{T} = 2\pi f$

$rad\ s^{-1}$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

* $v = f\lambda$

$$\frac{\lambda_1}{\lambda_2} = \frac{f_2}{f_1}$$

অগ্রগামী তরঙ্গ (Progressive Wave): মাধ্যমের মধ্যে সৃষ্ট কোনো আলোড়ন যখন মাধ্যমের এক স্তর থেকে অন্য স্তরে শক্তি সঞ্চালন করতে করতে বিস্তারের কোনরকম হ্রাস না ঘটিয়ে সামনের দিকে একটি নির্দিষ্ট বেগে অগ্রসর হয় তখন একে অগ্রগামী তরঙ্গ বলে।

Scanned by CamScanner

Scanned with CamScanner

দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য

তরঙ্গ সমীকরণের বিভিন্ন রূপ :-

$y = a \sin(\omega t - \delta)$

$y = a \sin\left(\omega t - \frac{2\pi x}{\lambda}\right)$

$y = a \sin\left(\omega t - \frac{2\pi t}{T}\right)$

$y = a \sin 2\pi\left(\frac{t}{T} - \frac{x}{\lambda}\right)$

$y = a \sin \omega\left(t - \frac{x}{v}\right)$

$y = a \sin \frac{2\pi}{\lambda}(vt - x)$

$v = \omega\sqrt{A^2 - x^2}$

$v_{max} = \omega A$

$a = \omega^2\sqrt{A^2 - x^2}$

$a_{max} = -\omega^2 A$

অগ্রগামী তরঙ্গের প্রতি একক আয়তনে প্রবাহিত শক্তি, $E = 2\pi^2 a^2 f^2 \rho$

স্থির তরঙ্গের ক্ষেত্রে,

$y = 2A \cos\frac{2\pi x}{\lambda} \sin\frac{2\pi}{\lambda} vt$

$= A \sin\frac{2\pi}{\lambda} vt$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

পর পর দুটি সুষ্পন্দ বা নিষ্পন্দ বিন্দুর দূরত্ব $\rightarrow \lambda/2$

একটি সুষ্পন্দ বিন্দু ও একটি নিষ্পন্দ বিন্দুর দূরত্ব $\rightarrow \lambda/4$

Scanned by CamScanner

Scanned with CamScanner

শব্দের তীব্রতা, $I = \frac{P}{A}$ (P ← ক্ষমতা, A ← ক্ষেত্রফল)

তীব্রতা লেভেল, $\beta = \log\left(\frac{I}{I_0}\right)$ → Bell এককে

$\beta = 10\log\left(\frac{I}{I_0}\right)$ → d Bell এককে

বীট/স্বরকম্প (Beat): সমান বা প্রায় সমান তীব্রতা এবং প্রায় সমান কম্পাঙ্কবিশিষ্ট একই দিকে অগ্রগামী দুটি শব্দ তরঙ্গের উপরিপাতনের ফলে শব্দের লব্ধি প্রাবল্যের হ্রাস-বৃদ্ধির ঘটনাকে স্বরকম্প বা বীট বলে।

$f_1 \sim f_2 = N$ (N ↓ বীট সংখ্যা)

N.B →

বাড়লে	বাড়লে	বেশি
কমলে	কমলে	বেশি
বাড়লে	কমলে	কম
কমলে	বাড়লে	কম

EDUCATION LIVE
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

টানা তারের সমীকরণ-

$f = \frac{1}{2l}\sqrt{\frac{T}{\mu}}$ (l ↓ তারের দৈর্ঘ্য; T ← তারের টান; μ ← তারের একক ভর)

Scanned by CamScanner

Scanned with CamScanner

আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব
Ideal Gas & Kinetic Theory of Gases

আদর্শ গ্যাস (Ideal Gas): যেসকল গ্যাস সকল তাপমাত্রায় ও সকল বেগের বয়েলের সূত্র ও চার্লসের সূত্র পুরোপুরি মেনে চলে তাদেরকে আদর্শ গ্যাস বলে।

বয়েলের সূত্র (Boyle's Law): স্থির তাপমাত্রায় কোন গ্যাসের আয়তন চাপের ব্যস্তানুপাতে পরিবর্তিত হয়।

$$V \propto \frac{1}{P}$$

$$\Rightarrow V = K \cdot \frac{1}{P}$$

$$\Rightarrow PV = K$$

$$P_1V_1 = P_2V_2 = P_3V_3 = \dots = P_nV_n = K$$

$$\frac{P_1}{\rho_1} = \frac{P_2}{\rho_2} = \dots = \frac{P_n}{\rho_n}$$

$P = h\rho g$

↑ নির্দিষ্ট গভীরতায় চাপ

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

Scanned by CamScanner

Scanned with CamScanner

চার্লসের সূত্র (Charle's Law):

"স্থির চাপে নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধির বা হ্রাসের জন্য শূন্য ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রার আয়তনের $\frac{1}{273}$ অংশ বৃদ্ধি বা হ্রাস পায়।"

$$V_\theta = V_0\left(1+\frac{\theta}{273}\right)$$

$$\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2} = \text{ধ্রুব}$$

$-273.16^\circ C$ হল পরমশূন্য তাপমাত্রা

গ্যাসের চাপীয় সূত্র (Law of Pressure):

"স্থির আয়তনে যেকোন গ্যাসের নির্দিষ্ট ভরের চাপ প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধি বা হ্রাসের জন্য $0^\circ C$ তাপমাত্রায় চাপের $\frac{1}{273}$ অংশ বৃদ্ধি বা হ্রাস পায়।"

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

$$\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$$

সমন্বয় সূত্র: $\frac{P_1V_1}{T_1\rho_1} = \frac{P_2V_2}{T_2\rho_2}$

Scanned by CamScanner

Scanned with CamScanner

আদর্শ গ্যাস সমীকরণ : $PV = nRT$ → মোল সংখ্যা
└→ $8.316 JK^{-1}$

$$PV = \frac{m}{M}RT$$

ভ্যানডার ওয়ালস এর সংশোধিত, $\left(P + \frac{n^2 a}{V^2}\right)(V - nb) = nRT$

মূল গড় বর্গবেগ
Root-mean square velocity } → $C_{rms} = \sqrt{\frac{3P}{\rho}} = \sqrt{\frac{3PV}{M}} = \sqrt{\frac{3KT}{m}} = \sqrt{\frac{3RT}{M}}$

~~বর্গমূল~~ গড়বেগ → $\bar{C} = \sqrt{\frac{8RT}{\pi M}}$

$\frac{C_1}{C_2} = \sqrt{\frac{T_1}{T_2}}$ | এক মোল গ্যাসের অণুসমূহের, মোট গতিশক্তি ; $E_K = \frac{3}{2}RT$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক

$PV = \frac{1}{3}mNC^2 = \frac{2}{3}E$ [N = গ্যাসের মোট অণুর সংখ্যা, E = গ্যাসের মোট গতিশক্তি]

SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

$P = \frac{1}{3}\rho C^2$ → বেগ
ρ ↓ ঘনত্ব

n মোল গ্যাসের মোট গতিশক্তি, $E_K = \frac{3}{2}nRT$

বোল্টজম্যান ধ্রুবক, $K = \frac{R}{N_A}$ → আদর্শ গ্যাসের ধ্রুবক
└→ অ্যাভোগেড্রোর ধ্রুবক

Scanned by CamScanner

Scanned with CamScanner

গড় মুক্ত পথ (Mean free path): পর পর দুটি ধাক্কার মধ্যে যে কোন অনু যে গড় দূরত্ব অতিক্রম করে তাকেই গড় মুক্ত পথ বলে।

ক্লসিয়াসের গড় মুক্ত পথ, $\lambda = \frac{1}{n \pi \sigma^2}$

n → অনুর সংখ্যা।

σ → অনুর ব্যাসার্ধ

ম্যাক্সওয়েলের গড় মুক্ত পথ, $\lambda = \frac{1}{\sqrt{2}\, n \pi \sigma^2}$

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

Scanned by CamScanner

Scanned with CamScanner

সম্পৃক্ত বাষ্প (Saturated Vapour): কোনো স্থানে যতটুকু বাষ্প থাকা সম্ভব ঠিক ততটুকুই থাকে তবে ঐ বাষ্পকে সম্পৃক্ত বাষ্প বলে।

অসম্পৃক্ত বাষ্প (Unsaturated Vapour): কোন স্থানে বাষ্প ধারণ ক্ষমতার কম বাষ্প থাকলে ঐ বাষ্পকে অসম্পৃক্ত বাষ্প বলে।

আর্দ্রতা (Humidity): কোনো স্থানের বায়ুতে কতটুকু জলীয়বাষ্প আছে অর্থাৎ বায়ু কতখানি শুষ্ক বা ভিজা আর্দ্রতা দিয়ে তাই নির্দেশ করা হয়।

পরম আর্দ্রতা (Absolute Humidity): বায়ুতে প্রতি একক আয়তনে উপস্থিত জলীয়বাষ্পের ভরকে ঐ স্থানের পরম আর্দ্রতা বলে।

শিশিরাঙ্ক (Dewpoint): যে তাপমাত্রায় কোন নির্দিষ্ট আয়তনের বায়ু এর মধ্যে অবস্থিত জলীয়বাষ্প দ্বারা সম্পৃক্ত হয়, সেই তাপমাত্রাকে শিশিরাঙ্ক বলে।

EDUCATION LIVE BD
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

$$\text{আপেক্ষিক আর্দ্রতা} = \frac{\text{বায়ুর তাপমাত্রায় নির্দিষ্ট আয়তনের বায়ুতে উপস্থিত জলীয়বাষ্পের ভর}}{\text{বায়ুর তাপমাত্রায় ঐ বায়ুকে সম্পৃক্ত করতে প্রয়োজনীয় জলীয়বাষ্পের ভর}}$$

$$R = \frac{f}{F} \times 100\% = \frac{\rho_f}{\rho_F} \times 100\% = \frac{m_f}{m_F} \times 100\%$$

R → আপেক্ষিক আর্দ্রতা

এখানে, f = শিশিরাঙ্কে সম্পৃক্ত বাষ্পচাপ
F = কক্ষ তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ
ρ_f = বর্তমান তাপমাত্রায় জলীয় বাষ্পের ঘনত্ব
ρ_F = কক্ষ তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্প ঘনত্ব
m_f = উপস্থিত জলীয় বাষ্পের ভর
m_F = সম্পৃক্ত জলীয়বাষ্পের ভর

Scanned by CamScanner
Scanned with CamScanner

গ্লেইশারের সমীকরণ-

$$(\theta_1 - \theta) = G(\theta_1 - \theta_2)$$

θ_1 = শুষ্ক থার্মোমিটারের পাঠ

θ_2 = আর্দ্র থার্মোমিটারের পাঠ

θ = শিশিরাঙ্ক

G = গ্লেইশারের ধ্রুবক।

EDUCATION LIVE
স্বপ্ন পূরণে পথপ্রদর্শক BD
SUBSCRIBE OUR YOUTUBE CHANNEL
EDUCATION LIVE BD

Scanned by CamScanner

Scanned with CamScanner